

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে জুলাই-২০১৭ সেশনের
এমফিল/এম.এমএড/ডিপ্লোমা কোর্সসমূহের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে জুলাই-২০১৭ সেশনের এমফিল/এম.এমএড/ডিপ্লোমা কোর্সসমূহের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার ৩১ মার্চ ২০১৭ইং তারিখে সকাল ৯টা থেকে সকাল ১০টা ৩০ মিনিটে রাজধানী ঢাকার বুয়েট-এর মূল ও পশ্চিম পলাশী ক্যাম্পাসে কোনো ধরণের অভিযোগ ছাড়াই অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। এবছর মেডিসিন, সার্জারি, ডেন্টিস্ট্রি এবং বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদভুক্ত এমফিল, এম.এমএড ও ডিপ্লোমা কোর্সসমূহ থেকে মোট ৬৫৫৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়ার জন্য আবেদন করেন। এরমধ্যে আজ শুক্রবার ৩১ মার্চ ২০১৭ইং তারিখে মোট ৬০৭৮ জন পরীক্ষার্থী অংশ নেন। এবছর মেডিসিন অনুষদে ২২১৮ জন পরীক্ষার্থী, সার্জারি অনুষদে ৩১২৫ জন, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদে ১০৩৭ জন এবং ডেন্টিস্ট্রি অনুষদে ১৭৬ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার জন্য আবেদন করেছিলেন। এরমধ্যে কোর্স ভিত্তিক এমফিল-এ ৯৪১ জন, এম.এমএড-এ ১৮ জন এবং ডিপ্লোমা কোর্সে ৫৫৯৭ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেন। এবছর মোট আসন সংখ্যা হলো ৯৪১টি, এরমধ্যে এমফিল-এ ১৭৭টি, এম.এমএড-এ ১০টি এবং ডিপ্লোমা কোর্সের আসন সংখ্যা হলো ৭৫৪টি। পরীক্ষার ফলাফল আজ শুক্রবার ৩১ মার্চ ২০১৭ইং তারিখের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmmu.edu.bd) প্রকাশ করা হবে। এর আগে আজ শুক্রবার সকাল ৯টায় পরীক্ষা চলাকালীন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান পরীক্ষার হল পরিদর্শন করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ ইফতেখার আলম প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সুষ্ঠু ও সুন্দরভাবে ভর্তি পরীক্ষার সম্পন্ন করার জন্য সার্বিক তত্ত্বাবধানে সার্বক্ষণিক দায়িত্ব পালন করেছেন সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন।